# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌ বাহিনী

**Website: www.khulnashipyard.gov.bd, Email: oiccoml.ksy@gmail.com**

|  |  |  |
|---|---|---|
| ......................... | টেন্ডার নং | ঃ বাবি-২৯/১৮৯/২৫-২৬ |
| ......................... | তারিখ | ঃ ১০-১২-২৫ |
| ......................... | খোলার তারিখ | ঃ ১৫-১২-২৫ |
|  | বেলা | ঃ ১১-৩০ ঘটিকা |

প্রিয় মহোদয়গণ,

**বিষয়ঃ এলসিটি-২ (জব নং- নঃনিঃ ৭৯৯) এর ইঞ্জিন, গিয়ার বক্সসহ বেশ কিছু ভারী মালামাল উত্তোলন এবং জাহাজে স্থাপনের জন্য সাবকন্ট্রাক্ট ভিত্তিতে উচ্চ ক্ষমতা সম্পন্ন ১২০ টন ক্যাপাসিটির ০১ (এক)টি মোবাইল ক্রেন ভাড়া করার দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

১। বিষয়োক্ত কাজের জন্য আপনাদের প্রতিষ্ঠানের নিকট দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দরপত্র ডাকযোগে/ সরাসরি সীলমোহরকৃত বন্ধ খামে অথবা ই-মেইল যোগে (oiccoml.ksy@gmail.com) নির্ধারিত সময়ের মধ্যে (সকাল ১১.১৫ মিঃ) খুশিলি প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে। উক্ত দিন সকাল ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র সমূহ খোলা হবে। মূল্য তালিকা অবশ্যই নিম্নে বর্ণিত শর্তাবলী অনুযায়ী হতে হবে।

| ক্রঃ নংঃ | বিবরণ | সময়কাল (আনুমানিক) | একক দর (টাকা) (প্রতি দিন ০৮ ঘন্টা হিসেবে) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | **ক.** এলসিটি-২ (জব নং- নঃনিঃ ৭৯৯) এর কাজের ক্ষেত্রে মোবাইল ক্রেনটি ইঞ্জিন, গিয়ার বক্সসহ বেশ কিছু ভারী মালামাল (ওজন প্রায় ১৩ টন) এলসিটি-২ তে উত্তোলন ক্ষমতা সম্পন্ন হতে হবে। উল্লেখ্য যে, উক্ত মোবাইল ক্রেন খুশিলির কনক্রিট জেটিতে রেখে ২০ মিটার ওয়ার্কিং রেডিয়াসে, ২৫-২৮ মিটার উচ্চতায় লিফট করার ক্ষমতা সম্পন্ন হতে হবে। বর্ণিত কাজের জন্য ক্রেনটি আনুমানিক ১২০ টন বা তদূর্ধ উত্তোলন ক্ষমতা সম্পন্ন হতে হবে।<br><br>**খ.** ক্রেনটি সম্পর্কে দরপত্রের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি প্রদান করতে হবেঃ<br>a) **Crane Type:** মোবাইল ক্রেন।<br>b) **Crane Capacity:** আনুমানিক ১২০ টন বা তদূর্ধে।<br>c) **Make/ Brand:**<br>d) **Crane Model:**<br>e) **Boom Length:**<br><br>**গ.** দরপত্রের সাথে অফারকৃত ক্রেনের লোড চার্ট, ফিটনেস সার্টিফিকেট ও ড্রাইভিং লাইসেন্স অবশ্যই দাখিল করতে হবে।<br><br>(ক্রেনটি আগামী ২১ ডিসেম্বর ২০২৫ হতে আনুমানিক ১০ (দশ) দিনের জন্য প্রয়োজন হতে পারে। তবে কার্যাদেশ প্রদান ও খুশিলি হতে কাজ শুরুর তারিখ চুড়ান্ত ভাবে জানানোর ০৩ দিনের মধ্যে উক্ত ক্রেনটি খুশিলিতে আনতে হবে।) | ১০ দিন | প্রতি দিন টাঃ | টাঃ |

২। **শর্তাবলীঃ**

**ক.** উক্ত কাজের জন্য কোন প্রকার অগ্রীম প্রদান করা হবে না। বাস্তবে সম্পাদিত কাজের পরিমান কম/ বেশী হতে পারে। ঠিকাদারকে সম্পন্নকৃত কাজের বিপরীতে এবং নির্ধারিত একক দরের ভিত্তিতে (প্রতি দিন ০৮ ঘন্টা হিসাবে) মোট বিল পরিশোধ করা হবে। কোন দিন ০৮ ঘন্টার কম/ বেশি সময় ক্রেন প্রয়োজন/ ব্যবহার হলে তা খুশিলির সিদ্ধান্ত মোতাবেক অন্য কোন দিনের সাথে সমন্বয় করা হবে অথবা আনুপাতিক হারে উক্ত দিনের জন্য বিল প্রদান করা হবে।

**খ.** কাজ শুরু করার পূর্বে উল্লেখিত ক্রেন এর লোডচার্টসহ ফিটনেস সার্টিফিকেট খুশিলির ওআইসি (ডকিং) এর নিকট দাখিল করতঃ অনুমোদন নিতে হবে।

**গ.** ক্রেন চালানোর জন্য প্রয়োজনীয় Fuel Oil এবং Lub Oil সহ অন্যান্য সকল প্রয়োজনীয় দ্রব্যাদি ও খরচ ঠিকাদার সরবরাহ করবে। ক্রেনটি যদি ক্রলার ক্রেন হয় সেক্ষেত্রে ক্রেনটিকে লো-বেড ট্রেইলারে ডিসমাউন্টিং করে খুশিলিতে এনে জেটিতে এসেম্বল করতে হবে। অনুরুপভাবে কাজ শেষে পুনরায় ডিসমাউন্টিং করে লো-বেড ট্রেইলরে করে খুশিলি হতে নিয়ে যেতে হবে। এই কাজে খুশিলির কোন

প্রকার ক্রেন সার্পোট/অন্যান্য সহায়তার প্রয়োজন হলে এবং খুশিলির পক্ষে তা প্রদান করা সম্ভব হলে খুশিলি কর্তৃক উক্ত সাপোর্ট প্রদান করা হবে। তবে এ বাবদ প্রয়োজনীয় খরচ ঠিকাদারের বিলের সাথে সমন্বয় করা হবে।

**ঘ.** ক্রেন খুশিলিতে প্রবেশ করার পর যেদিন থেকে কার্য উপযোগী হবে, সেদিন থেকে কার্যদিবস শুরু হবে। যদি কোন ক্রটি অথবা সরবরাহকারীর কোন অসুবিধার জন্য ক্রেন কার্য অনুপযোগী হলে উক্ত দিন কার্য দিবস হিসেবে গন্য হবে না এবং সরবরাহকারীর নিজ উদ্যোগে অতি দ্রুত কার্য উপযোগী করতে হবে। যদি কোন কারণে কাজের ক্ষতি হয় সেক্ষেত্রে উপযুক্ত ক্ষতিপূরণ সরবরাহকারী খুশিলিকে দিতে বাধ্য থাকবে। খুশিলির প্রয়োজন অনুযায়ী শুক্র/ শনিবার অথবা যেকোন সরকারি ছুটির দিনে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।

**ঙ.** ক্রেন চালানোর জন্য প্রয়োজনীয় ড্রাইভার, হেল্পার যদি প্রয়োজন হয় এর বেতন, ওভারটাইম ও আবাসন ব্যবস্থাদি সরবরাহকারী নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করবেন এবং এতদঃ সংক্রান্ত বিল পরিশোধ করবেন।

**চ.** উক্ত পরিবহন ও উত্তোলন কাজে ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রয়োজনবোধে খুশিলি স্লিপওয়ে-ক্যারেজ ব্যবহারের সুযোগ প্রদান করবে।

**ছ.** দর প্রস্তাবের সাথে দাখিলকৃত মোট মূল্যের ৩% আর্নেস্টমানি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করতে হবে (তালিকাভূক্ত ঠিকাদার ব্যতীত)।

**জ.** মালামাল পরিবহনের সময় যাতে কোন ভাবে নষ্ট না হয় তার প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে। পরিবহনের সময় মালামালে কোন ক্ষয়-ক্ষতি হলে ঠিকাদারকে উহার ক্ষতিপূরণ বহন করতে হবে।

**ঝ.** ঠিকাদারের কোন শ্রমিক যদি শিপইয়ার্ডের কোন মালামাল চুরি বা ক্ষতি করে, তবে তাহার ক্ষতি পূরণ ঠিকাদারকে বহন করতে হবে এবং কার্যকালীন সময় কোন প্রকার দূর্ঘটনা অথবা দূর্ঘটনাজনিত কারনে ঠিকাদারের কোন শ্রমিক আহত বা মৃত্যুর জন্য খুশিলি কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শিপইয়ার্ডের ভিতরে কাজে নিয়োজিত থাকা কালীন সময়ে ঠিকাদারের শ্রমিকদেরকে শিপইয়ার্ডের আইন কানুন মেনে চলতে হবে।

**ঞ.** ঠিকাদারকে অবশ্যই ওআইসি (ডকিং) এর নির্দেশনা/ পরামর্শ/ সরেজমিনে পরিদর্শন সাপেক্ষে কাজের বিষয়ে স্বচ্ছ ধারণা গ্রহণ করতঃ দর প্রদান করতে হবে।

**ট.** কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কাজ করতে ব্যর্থ হলে, খুশিলি কার্যাদেশ বাতিল করে বিকল্প কোন পন্থায় কাজ সম্পন্ন করতে পারে এবং এক্ষেত্রে অতিরিক্ত খরচ (Difference of Cost) ১ম কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের বিল/ জামানত হতে কর্তন করা হবে।

**ঠ.** উক্ত দরের মধ্যে অবশ্যই ভ্যাট ও ট্যাক্স অন্তর্ভূক্ত থাকতে হবে এবং উক্ত কাজের জন্য কোন পার্ট বিল প্রদান করা হবে না।

**ড.** উল্লেখিত কার্যসমূহ সন্তোষজনকভাবে সম্পন্নের পর ০৩ (তিন) কপি বিল (ব্যাংক একাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও শাখাসহ) দাখিল করতে হবে এবং বিলের মূল কপিতে খুশিলির ওআইসি (ডকিং), ডিজিএম (ইঞ্জিনিয়ারিং) ও জিএম (প্রোডাকশন) কর্তৃক সার্টিফাইড করতে হবে। খুশিলির বিধি অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

**ঢ.** খুশিলি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বানিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

**টেন্ডার কমিটির স্বাক্ষরঃ**

**বানিজ্যিক শাখা** **হিসাবরক্ষন বিভাগ** **ব্যবহারকারী**

---

আমরা উপরে বর্ণিত সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

ঠিকাদারের স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
টিআইএন নং-